
দৈনিক জনকণ্ঠ

২৪

তারিখ ... AUG 29 1999 ...
পৃষ্ঠা ৪ কলাম ...

# মেধাবী মুখ



খুলনা পাবলিক কলেজের ছাত্র সায়ফুল্যাহ্ আযাদ এবারের এইচএসসি পরীক্ষায় যশোর বোর্ডে বাণিজ্য বিভাগে প্রথম স্থান অধিকার করেছে। ২টি বিষয়ে লেটার মার্কসহ তার প্রাপ্ত মোট নম্বর ৮৪১। আযাদের বাবা আবদুস সালাম সরদার, সাতক্ষীরার আশাশুনি থানার বাসিন্দা।



কুমিল্লা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় যুগ্মভাবে প্রথম (সমাজ বিজ্ঞানে) স্থান অধিকার করেছে শামীমা মজুমদার (শাম্মী)। তার প্রাপ্ত মোট নম্বর ৮৬৩। সে জুরানপুর আদর্শ ডিগ্রী কলেজের ছাত্রী। তার পিতা মাওলানা আবদুল মতিন মজুমদার চৌদ্দগ্রাম পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের শিক্ষক ও মা একজন গৃহিণী।



ঝিনাইদহ ক্যাডেট কলেজ থেকে তানভীর হোসেন এবার এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে ৪টি বিষয়ে লেটারসহ ৯১৯ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় ৪র্থ স্থান অধিকার করেছে। সে ডাঃ আখতার হোসেন ও মিসেস দিলরুবা হোসেনের পুত্র।



ঝিনাইদহ ক্যাডেট কলেজ থেকে শাহীন রেজা বিজ্ঞান বিভাগে ৪টি বিষয়ে লেটারসহ ৯১৪ নম্বর পেয়ে মেধা তালিকায় ৫ম স্থান অধিকার করেছে। সে ঝিনাইদহ কালীগঞ্জের শহিদুল ইসলাম ও হোসনে আরা শহিদের পুত্র।




ইফতেখার আলম বিজ্ঞান বিভাগে ৪টি বিষয়ে লেটারসহ ৯১৪ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় যুগ্মভাবে ৫ম স্থান অধিকার করেছে। সে ঝিনাইদহ কলেজের ছাত্র। সে কুমিল্লা জেলার আমুড়িয়া থানার শরীফুল আলমের পুত্র।



আসিক সোবহান, ঝিনাইদহ ক্যাডেট কলেজ থেকে বিজ্ঞান বিভাগে ৪টি বিষয়ে লেটারসহ ৯০৩ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় ৮ম স্থান অধিকার করেছে। সে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানার রাব্বুস সোবাহানের পুত্র।



সৈয়দা জান্নাতুল ফেরদৌস (তন্বী) এবারের এইচএসসি পরীক্ষায় ঢাকা বোর্ডের বাণিজ্য বিভাগে মেয়েদের মধ্যে ৮ম স্থান অধিকার করেছে। ভিকারুননিসা নুন কলেজের ছাত্রী জান্নাতুল ১টি বিষয়ে লেটারসহ ৭৮৩ নম্বর পেয়েছে। সে পুবালী ব্যাংক প্রধান কার্যালয়ের প্রিন্সিপাল অফিসার সৈয়দ জালালউদ্দিন ও বেগম সুরাইয়া সুলতানার কন্যা।



সিলেট ক্যাডেট কলেজের ছাত্র মনজুর মাহতাব এবারের এইচএসসি পরীক্ষায় কুমিল্লা বোর্ডে সাধারণ বিজ্ঞান বিভাগে নবম হয়েছে। চারটি লেটারসহ সে পেয়েছে ৯শ' নম্বর। মনজুর মাহতাব (অভি) ভবিষ্যতে একজন সেনা অফিসার হতে ইচ্ছুক। তার পিতা মফিজুর রহমান গবর্নমেন্ট প্রিন্টিং প্রেসের ম্যানেজার (প্রশাসন)। মা মেহেরুন রহমান গৃহিণী।



ঢাকা কমার্স কলেজের ছাত্র নিয়ামুল হক (মিনার) ঢাকা বোর্ডে বাণিজ্যে সম্মিলিত মেধা তালিকায় পঞ্চম হয়েছে। সে এমবিএ পড়তে আগ্রহী। মিনারের প্রাপ্ত নম্বর ৮২৭। তার বাবা মোহাম্মদ ওবায়দুল হক কাস্টমস এক্সাইজ এ্যান্ড ভ্যাটের ডেপুটি কমিশনার। মা স্যানিয়া হক গৃহিণী।



ঢাকা বোর্ডে বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকায় ১৯তম স্থান অধিকার করেছে মাসুদ আল আজিজ। সে প্রকৌশলী হতে চায়। মাসুদ সড়ক ও জনপথ অধিদফতরের নির্বাহী প্রকৌশলী আজিজুর রহমান ও চৌধুরী গুলশান আরা আজিজের জ্যেষ্ঠ পুত্র।